

স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ কর্তৃক গৃহীত কর্মসূচির বাস্তবায়ন/অগ্রগতি প্রতিবেদন

স্বাধীনতার সুবর্ণজয়ন্তী বর্ণাঢ্য ও যথাযোগ্য মর্যাদার সাথে উদযাপন উপলক্ষ্যে বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদের নিয়মিত বাজেট বরাদ্দ দ্বারা নিম্নবর্ণিত কর্মসূচি গ্রহণ করা হয়েছে।

- ক. গৃহহীন চা-বাগান শ্রমিকদের জন্য ১০০টি টেকসই আবাসন নির্মাণ
খ. ১০০জন ভিক্ষুকের ভিক্ষাবৃত্তি নিরসন ও পুনর্বাসন

ক. গৃহহীন চা-বাগান শ্রমিকদের জন্য ১০০টি টেকসই আবাসন নির্মাণ


২০১৮-২০১৯ অর্থবছর হতে বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদের উদ্যোগে চা-বাগান শ্রমিকদের টেকসই আবাসন নির্মাণ কাজে বরাদ্দ প্রদান করা শুরু হয়। ২০১৮-২০১৯, ২০১৯-২০২০ ও ২০২০-২০২১ অর্থবছরে জেলাওয়ারী বরাদ্দ নিম্নরূপ:

বিভাগ	জেলার নাম	২০১৮-২০১৯		২০১৯-২০২০ (মুজিববর্ষ)		২০২০-২০২১(সুবর্ণজয়ন্তী)	
		সংখ্যা	টাকার পরিমান	সংখ্যা	টাকার পরিমান	সংখ্যা	টাকার পরিমান
সিলেট	সিলেট	৮	৩৫,০০,০০০/-	২৩টি	৯২,০০,০০০/-	১০	৪০,০০,০০০/-
	হবিগঞ্জ	১০	৪০,০০,০০০/-	৪০টি	১,৬০,০০,০০০/-	১৫	৬০,০০,০০০/-
	মৌলভীবাজার	৩২	১,২৫,০০,০০০/-	১১২টি	৪,৪৮,০০,০০০/-	৪০	১,৬০,০০,০০০/-
চট্টগ্রাম	চট্টগ্রাম	---	---	২৫টি	১,০০,০০,০০০/-	১০	৪০,০০,০০০/-
	মোট=	৫০টি	২,০০,০০,০০০/-	২০০টি	৮,০০,০০,০০০/-	৭৫	৩,০০,০০,০০০/-


উপপরিচালক, সমাজসেবা কার্যালয়, মৌলভীবাজার, হবিগঞ্জ, সিলেট ও চট্টগ্রাম এর প্রাপ্ত প্রতিবেদন অনুযায়ী ৩১শে জানুয়ারী, ২০২২ পর্যন্ত মোট ২৩৫টি আবাসন নির্মাণ কাজ ১০০% সম্পন্ন ও হস্তান্তর করা হয়েছে। অবশিষ্ট আবাসন নির্মাণ কাজ চলমান আছে। বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদের উদ্যোগে চা-বাগান শ্রমিকদের জন্য নির্মাণাধীন টেকসই আবাসনের মাঠপর্যায়ের ৩১ জানুয়ারি, ২০২২ খ্রি: পর্যন্ত সর্বশেষ জেলাওয়ারী নির্মাণ অগ্রগতি নিম্নরূপ:

জেলার নাম	২০১৮-২০১৯ হতে ২০২০-২০২১ অর্থবছর			মন্তব্য
	আবাসনের সংখ্যা			
	মোট বরাদ্দ	সম্পন্ন	চলমান	
সিলেট	৪২টি	৪২টি	--	
হবিগঞ্জ	৬৫টি	৫০টি	১৫টি	
মৌলভীবাজার	১৮৩টি	১৪৩টি	৪০টি	
চট্টগ্রাম	৩৫টি	---	৩৫টি	
মোট=	৩২৫টি	২৩৫টি	৯০টি	

২০২১-২০২২ অর্থবছরে চা-বাগান শ্রমিকদের জন্য আরও ১০০টি টেকসই আবাসন নির্মাণে ৪ কোটি টাকা বাজেট বিভাজন রাখা আছে। খুব শীঘ্রই জেলা ভিত্তিক বরাদ্দ প্রদান করা হবে। নীচে চা-বাগানে নির্মিত আবাসনের কিছু চিত্র দেয়া হলো:-



চিত্র : ১ চা বাগান শ্রমিকদের আবাসন নির্মাণ, মাধবপুর, হবিগঞ্জ



চিত্র : ২ চা বাগান শ্রমিকদের আবাসন নির্মাণ, বাহুবল, হবিগঞ্জ

খ. ১০০ জন ভিক্ষুকের ভিক্ষাবৃত্তি নিরসন ও পুনর্বাসন

নিয়মিত বাজেট বরাদ্দ হতে ৪৯টি জেলায় জেলা সমাজকল্যাণ কমিটির মাধ্যমে ১০৮জন ভিক্ষুককে ভিক্ষাবৃত্তি নিরসন ও বিকল্প কর্মসংস্থানের ব্যবস্থা করার জন্য বরাদ্দ প্রদান করা হয়। জেলা সমাজকল্যাণ কমিটি কর্তৃক বরাদ্দকৃত অর্থে ইতোমধ্যে ১০০ জনের অধিক ভিক্ষুককে বিকল্প কর্মসংস্থানের মাধ্যমে পুনর্বাসন করা হয়েছে। নিচে গৃহীত কার্যক্রমের চিত্র দেয়া হলো:-



চিত্র : ৩ রাজবাড়ী জেলায় ভিক্ষুক পুনর্বাসন



চিত্র: ৪ নওগাঁ জেলায় বিকল্প কর্মসংস্থান

একনজরে স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপন উপলক্ষ্যে বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদের গৃহীত কর্মসূচির বাস্তবায়ন/ অগ্রগতি প্রতিবেদন

ক্রমিক নং	গৃহীত কর্মসূচি	গৃহীত কর্মসূচি বাস্তবায়নের সময়কাল	বাস্তবায়ন অগ্রগতির বর্তমান অবস্থা	অবাস্তবায়িত কর্মসূচি	মন্তব্য (যদি থাকে)
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)
১	গৃহহীন চা-বাগান শ্রমিকদের জন্য ১০০টি টেকসই আবাসন নির্মাণ	২০২০-২০২১ এবং ২০২১-	২০২০-২০২১ মোট ৭৫ টি টেকসই আবাসন নির্মাণ সম্পন্ন হয়েছে।	অবশিষ্ট ২৫টি আবাসন নির্মাণের জন্য ২০২১-২০২২ অর্থবছরের বরাদ্দ প্রদান প্রক্রিয়াধীন আছে	নিয়মিত বাজেট হতে কর্মসূচি বাস্তবায়িত হচ্ছে
২	১০৮জন ভিক্ষুককে ভিক্ষাবৃত্তি নিরসন ও পুনর্বাসন (জেলা সমাজকল্যাণ কমিটির মাধ্যমে বিকল্প কর্মসংস্থানের ব্যবস্থাকরণ)	২০২২ অর্থবছর	২০২০-২০২১ অর্থবছরে ১০৮ জনকে পুনর্বাসন করা হয়েছে।	--	

১৬/১২/২২
ড. মোঃ মুকুল আমিন
অতিরিক্ত পরিচালক

২৬.০১.২০২২

মোহাম্মদ জসিম উদ্দিন
নির্বাহী সচিব
বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ